


আসক প্রকাশনা

বইগুলো পাওয়া যাচ্ছে শাহবাগ আজিজ সুপার মার্কেটের প্যাপিরাস, বইপত্র, একুশে, পলল, পাঠক সমাবেশ ও একুশের বইমেলায় আসক-এর স্টলে।



জনস্বার্থে মামলা

ক্ষমতাহীন বৃহত্তর জনগোষ্ঠীর কাছে ন্যায়বিচার পৌঁছে দিতে বিচারব্যবস্থার একটি বিকাশমান ধারা হচ্ছে জনস্বার্থে মামলা। স্বল্প মানুষের পদচিহ্ন পড়া পথটিতে কতদূর হাঁটা হয়েছে, তার একটি চমৎকার দৃষ্টান্ত জনস্বার্থে মামলা গ্রন্থ। এটি সম্মুখের সম্ভাবনারও একটি ইঙ্গিত বহন করছে। ২০০৩-এর জুনে প্রথম প্রকাশিত এ গ্রন্থটির দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়েছে ডিসেম্বর ২০০৫-এ। এ গ্রন্থের প্রতিটি অধ্যায় এ যাত্রার পদক্ষেপের প্রতি একেকটি শ্রদ্ধাঞ্জলি।




নারীর ৭১ ও যুদ্ধপরবর্তী কথ্যকাহিনী

মূলধারার ইতিহাসে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী নারীরা কখনোই তেমন দৃশ্যমান নন। তাদের আত্মকথনের মাধ্যমে মুক্তিযুদ্ধের সামগ্রিক ইতিহাস অনুসন্ধানে মানবাধিকার সংগঠন আইন ও সালিশি কেন্দ্র (আসক) হাতে নিয়েছে— কথ্য ইতিহাস প্রকল্প। এরই অংশ হিসেবে প্রকাশিত হয়েছে ৭১-এর উনিশজন ক্ষতিগ্রস্ত নারীর সাক্ষাৎকার সংবলিত এই গ্রন্থ। গ্রন্থটিতে উনিশজন নারী কীভাবে ধর্ষণ, মৃত্যু, অগ্নিসংযোগ, উচ্ছেদ আর বাস্তবচ্যুতির মতো কঠিন অবস্থা মোকাবেলা করে টিকে থেকেছেন সে কাহিনী বর্ণনা করা হয়েছে।



দক্ষিণ এশিয়ায় নারী ও সুশাসন: প্রেক্ষিত বাংলাদেশ রাষ্ট্রের পুনর্কল্পায়ন

দক্ষিণ এশিয়ার রাষ্ট্রের রাজনৈতিক, অর্থনৈতিক পটপরিবর্তন নিয়ে অনেক লেখা হয়েছে কিন্তু নারীর দৃষ্টিতে রাষ্ট্রের কাঠামো পরিবর্তন ও পুনর্কল্পায়ন কোথাও উল্লেখযোগ্যভাবে বিশ্লেষণ করা হয় নি। এখানে বাংলাদেশের প্রেক্ষাপটে নারী ও সুশাসন প্রশ্নে কিছু চিত্র এবং নারীর দৃষ্টিতে রাষ্ট্রের পুনর্কল্পায়নের কিছু দিক নির্দেশনা তুলে ধরা হয়েছে।




হিউম্যান রাইটস্ ইন বাংলাদেশ ২০০৪

এটি আসক-এর দশম মানবাধিকার প্রতিবেদন। দীর্ঘ দশ বছরের প্রকাশনা-অভিজ্ঞতার সুস্পষ্ট প্রতিফলন ঘটেছে বইটিতে। এখানে রয়েছে ২০০৪ সালের মানবাধিকার পরিস্থিতির চুলচেরা বিশ্লেষণ। আরো রয়েছে কীভাবে রাষ্ট্র ও অন্যান্য উপাদান শাসনব্যবস্থা ও রাজনৈতিক অপসংস্কৃতির সুযোগ নিয়ে মানবাধিকার লঙ্ঘনে ভূমিকা পালন করছে তার চিত্র।



সালমা সোবহান

আইন ও সালিশি কেন্দ্র (আসক)-এর প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রথম নির্বাহী পরিচালক ব্যারিস্টার সালমা সোবহানের প্রথম মৃত্যুবার্ষিকীতে আসক প্রকাশ করেছে একটি স্মারকগ্রন্থ 'সালমা সোবহান'। এ দ্বিভাষিক বইটিতে বিভিন্ন জনের স্মৃতিচারণসহ সালমা সোবহানের বেশ কিছু দুর্লভ ও মূল্যবান রচনা অন্তর্ভুক্ত করা হয়েছে।



র্যাব: সন্ত্রাস নির্মূল না রাষ্ট্রের সন্ত্রাস

আইন ও সালিশি কেন্দ্র (আসক) গুরু থেকেই র্যাবের আচরণের বিরুদ্ধে, বিচার-বহির্ভূত হত্যার বিরুদ্ধে, দায়মুক্তির সংস্কৃতির বিরুদ্ধে নিরন্তর সংগ্রাম চালিয়ে যাচ্ছে। এই লড়াইয়েরই একটি অংশ আসক-এর এই প্রকাশনা— র্যাব: সন্ত্রাস নির্মূল না রাষ্ট্রের সন্ত্রাস। তথ্যসমৃদ্ধ, বিশ্লেষণধর্মী, মানবিক ও আইনি দৃষ্টিকোণ থেকে রচিত গ্রন্থটি নিঃসন্দেহে এ সময়ের একটি জরুরি প্রকাশনা।